# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

স্থাপিতঃ ২০১৮ খ্রিঃ

(রাজস্ব বিভাগ-বাজার শাখা)

ময়মনসিংহ।

www.mcc.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং- ৪৬.২১.৬১০০.০২৪.৯৯.০০২.২৬-০১

তারিখ ঃ ০৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

## বাংলা ১৪৩৩ সনের হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাট/খেয়াঘাট ও ইজি-বাইক ষ্ট্যান্ড ইজারা দরপত্র বিজ্ঞপ্তি, দরপত্র বিজ্ঞপ্তি নং-০১ (২০২৬-২০২৭)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের জারীকৃত ২১/০৯/২০১১খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০০০২.২০১১.৮৭০ নং স্মারকের হাট-বাজার নীতিমালা মোতাবেক ময়মনসিংহ সিটি কর্পোরেশনের অধীন হাট-বাজার, ফেরিঘাট/খেয়াঘাট, কসাইখানা ও ইজিবাইক ষ্ট্যান্ড ইত্যাদি বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরযুক্ত আবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সাপ্তাহিক এবং সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ হতে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যে অফেরৎযোগ্য দরপত্র সিডিউল ফরম বিক্রয় করা হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে সিটি কর্পোরেশন এবং জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এ রক্ষিত বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে সিটি কর্পোরেশনে নির্ধারিত সময়ে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে হাল সনের ট্রেড লাইসেন্স, হাট-বাজার ও বিভিন্ন মহলের জন্য দরপত্রে উল্লিখিত দরের ১০০% অর্থ ইজারা হিসেবে এবং উল্লিখিত দরের ১৫% ভ্যাট, ১০% উৎসে আয়কর ও ৫% জামানত বাবদ সর্বমোট ১৩০% অর্থ স্থানীয় যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বরাবর জমা দিতে হবে। অতিরিক্ত ৫% জামানত ইজারার মেয়াদ সমাপনান্তে ফেরত প্রদান করা হবে। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের বাজার শাখায় অফিস চলাকালীন সময়ে জানা যাবে এবং অত্র অফিসের ওয়েবসাইট www.mcc.gov.bd হতে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

### তফসিলভূক্ত হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাট/খেয়াঘাট ও ইজি-বাইক ষ্ট্যান্ডের বিবরণ নিম্নরূপ

| ক্রঃ নং | হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাটের/খেয়াঘাট, ইজি-বাইক ষ্ট্যান্ড ও আড়তসমূহের নাম | সরকারী ইজারা মূল্য | দরপত্রের মূল্য (অফেরৎযোগ্য) | ১০০% ইজারা মূল্যসহ ১৫% ভ্যাট, ১০% আয়কর ও ৫% জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | শম্ভুগঞ্জ বাজার | ১,৩৪,২৯,১৪০/- | ২৭,৬০০/- | ১৩০% |
| ০২ | মেছুয়া বাজার | ২২,৩৮,০০৬/- | ৫,২০০/- | ১৩০% |
| ০৩ | সানকিপাড়া রেল গেইট বাজার | ১৭,৯৯,৫৫৫/- | ৪,২০০/- | ১৩০% |
| ০৪ | নতুন বাজার তহশীল | ৮,০৯,১৩৩/- | ২,৪০০/- | ১৩০% |
| ০৫ | সিটি কর্পোরেশন কাঁচা বাজার (কে.বি. ইসমাইল রোডস্থ পৌর সুপার মার্কেটের বিপরীতে) | ৮,০০,৫৩১/- | ২,৪০০/- | ১৩০% |
| ০৬ | জিতেন্দ্রগঞ্জ/সুতিয়াখালী বাজার (ভাবখালী) | ২,০১,৬৭৩/- | ১,২০০/- | ১৩০% |
| ০৭ | কাঁচিঝুলি সাহেব কোয়াটার বাজার | ১,৬৩,৭৭০/- | ১,০০০/- | ১৩০% |
| ০৮ | খাগডহর বাজার | ৩,১৯,৮৩৭/- | ১,৪০০/- | ১৩০% |
| ০৯ | পাগলার বাজার | ২১,০৯৯/- | ৫০০/- | ১৩০% |
| ১০ | মিন্টু কলেজ রেল ক্রসিং বাজার | ১,৭৫,৪৩২/- | ১০০০/- | ১৩০% |
| ১১ | কৃষ্টপুর বউ বাজার | ৫৯,৯৮৮/- | ৫০০/- | ১৩০% |
| ১২ | নাটকঘরলেন কাঁচা বাজার | ২৬,১১১/- | ৫০০/- | ১৩০% |
| ১৩ | কালীবাড়ী গুদারাঘাট কাঁচা বাজার (৯নং) | ৩৮,১৯৩/- | ৫০০/- | ১৩০% |
| ১৪ | সানকিপাড়া শেষ মোড় বাজার | ১৬,৪৮০/- | ৫০০/- | ১৩০% |
| ১৫ | কেওয়াটখালী রেলওয়ে বাজার | ১,৬৪,৪৭৫/- | ১,০০০/- | ১৩০% |

| ক্রঃ নং | হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাটের/খেয়াঘাট, ইজি-বাইক ষ্ট্যান্ড ও আড়তসমূহের নাম | সরকারী ইজারা মূল্য | দরপত্রের মূল্য (অফেরৎযোগ্য) | ১০০% ইজারা মূল্যসহ ১৫% ভ্যাট, ১০% আয়কর ও ৫% জামানতের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১৬ | কসাইখানা (গাঙ্গিনারপাড় নাজমা বিল্ডিং সংলগ্ন) | ২,৬৪,০৩৮/- | ১,২০০/- | ১৩০% |
| ১৭ | কাচারীঘাট সংলগ্ন মটর সাইকেল ও ইজিবাইক ষ্ট্যান্ড ইজারা | ১,৫৪,৩৪৮/- | ১,০০০/- | ১৩০% |
| ১৮ | কাচারী ফেরিঘাট/খেয়াঘাটসহ সায়রাত মহলের আংশিক (অর্থাৎ কাচারী ফেরিঘাট হতে থানাঘাট পর্যন্ত) | ২৪,২১,১০০/- | ৫,৬০০/- | ১৩০% |
| ১৯ | শম্ভুগঞ্জ ফেরিঘাট/খেয়াঘাটসহ সায়রাত মহলের আংশিক (অর্থাৎ থানাঘাট হতে চীন বাংলাদেশ মৈত্রী সেতু পর্যন্ত) | ১৮,৭৪,৯৫০/- | ৪,৪০০/- | ১৩০% |
| ২০ | জেলখানারঘাট (খেয়াঘাট) | ২৮,১০,৫০০/- | ৬,৪০০/- | ১৩০% |
| ২১ | বিজিবি ক্যাম্প ও সিলভার ক্যাসেল সংলগ্ন খেয়াঘাট | ৪,০৭,০০০/- | ১,৬০০/- | ১৩০% |
| ২২ | জয়নুল উদ্যান খেয়াঘাট | ১,৭১,৫৫২/- | ১,০০০/- | ১৩০% |
| ২৩ | কেওয়াটখালী রেলওয়ে কলোনী খেয়াঘাট | ৩৪,৬৫০/- | ৫০০/- | ১৩০% |

## ইজারা বিজ্ঞপ্তি ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ২২/০২/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৩/০২/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০টা হতে বেলা ২টা পর্যন্ত। | ২৩/০২/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩টা |
| ২য় বার | ০২/০৩/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৩/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০টা হতে বেলা ২টা পর্যন্ত। | ০৩/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩টা |
| ৩য় বার | ১০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ১১/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০টা হতে বেলা ২টা পর্যন্ত। | ১১/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩টা |
| ৪র্থ বার | ২৯/০৩/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০টা হতে বেলা ২টা পর্যন্ত। | ৩০/০৩/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩টা |

## হাট-বাজার, কসাইখানা ও ফেরিঘাটের ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর পর্যন্ত মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা বন্দোবস্ত দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাট/খেয়াঘাট ও ইজি-বাইক ষ্ট্যান্ডের জন্য প্রদত্ত দরের ১০০% ইজারা মূল্য, ভ্যাট ১৫%, আয়কর ১০% ও ৫% জামানত বাবদ মোট ১৩০% টাকা পৃথক পৃথকভাবে স্থানীয় যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বরাবরে জামানত বাবদ দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা গ্রহিতা হাট-বাজার, কসাইখানা, ইজি-বাইক ষ্ট্যান্ড ও ফেরিঘাট/খেয়াঘাট নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্যকোন ক্ষতি সাধন করলে উক্ত জামানতের অর্থ হতে তাহা মিটানো হবে এবং বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। উদ্ধৃত দর হতে ইজারা মূল্য কম হলে দাখিলকৃত দর বাতিল করে পূর্ব নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী পুনঃ দরপত্র আহ্বান অব্যাহত থাকবে এবং জামানত বাবদ জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে।

০৪। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলকৃত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে। তবে সর্বোচ্চ দরদাতার দর অনুমোদন না হওয়া পর্যন্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা রাখা হবে।

০৫। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাট/খেয়াঘাট ও ইজি-বাইক ষ্ট্যান্ড অন্যের নিকট ইজারা বা সাবলীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করে তবে তার ইজারা বাতিলসহ জমাকৃত সাকুল্য অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। ইজারাদারকে হাট বাজারের টোল দরপত্রের সাথে সংযুক্ত সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। টোল রেইটের তালিকা হাট-বাজারের বিভিন্ন স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে নিজ খরচে প্রকাশ্যে প্রদর্শনের জন্য রাখতে হবে। ইজারাদার কর্তৃক হাট-বাজার নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যর্থতা দৃশ্যমান স্থানে টোল রেইট তালিকা টানানোর ব্যর্থতা এবং নির্ধারিত রেইটের চেয়ে বেশী টোল আদায় করা হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত ইজারাদারের ইজারা চুক্তিপত্র বাতিলসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

০৭। ইজারাদারকে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/প্রচলিত টোল রেইট মোতাবেক ছাপনো রশিদের মাধ্যমে হাট-বাজার, কসাইখানা, ফেরিঘাট/খেয়াঘাট ও ইজিবাইক ষ্ট্যান্ডের টোল আদায় করতে হবে। ইজারা মেয়াদকালীন সরকার কর্তৃক টোল রেইট তালিকা পরিবর্তন পরিবর্ধন হলে ইজারাদার ইহা মেনে নিতে বাধ্য থাকবেন। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন এবং হাটবাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

০৮। ইজারাদারকে ইজারা প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে তার নিজ খরচে ইজারা চুক্তিপত্র ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯০ মোতাবেক ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাদার সরকার/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদন ব্যতীত হাট-বাজার এর ভূমিতে কোন প্রকার অবকাঠামো তৈরী, গাছপালা কর্তন, সীমানা সংকোচন কোন প্রকার ক্ষতিসাধন ইত্যাদি করতে পারবেন না।

০৯। প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ এর অনুমতি বা অনুমোদন ব্যতিরেকে ইজারাদার কোন ব্যবসায়ীকে হাট-বাজারের ভিটি হতে উচ্ছেদ বা ভিটি বরাদ্দ করতে পারবে না।

১০। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের সর্বশেষ জারীকৃত সরকারী হাট-বাজার ইজারা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা মেনে চলতে ইজারাদার সার্বক্ষণিকভাবে বাধ্য থাকবেন।

১১। ফেরিঘাট/খেয়াঘাটে নৌকা হতে মালামাল ও যাত্রীদের উঠানামার জন্য জেটি ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

১২। সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ খেয়া পারাপারের ক্ষেত্রে টোলের আওতামুক্ত থাকবে।

১৩। দরপত্রের নির্ধারিত স্থানে উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাখিলকারীকে স্বাক্ষর করতে হবে, কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা, ওভার রাইটিং দরপত্র গ্রহণ করা হবে না। স্বাক্ষরবিহীন দরপত্র বাতিল বলে গণ্য করা হবে।

১৪। প্রতিটি হাট-বাজার/ফেরিঘাটের জন্য আলাদা আলাদা দরপত্র দাখিল করতে হবে। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলকারী/প্রতিষ্ঠানের নামে হাল সনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ভ্যাট নিবন্ধনসহ দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

১৫। খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৬। জনসাধারণের চলাচলের পথ বন্ধ করে অর্থাৎ ফুটপাত দখল করে বাজার বসানো যাবে না। এর ব্যত্যয় ঘটলে ইজারা বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। দুই বা ততোধিক দরপত্র দাতার সর্বোচ্চ দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে অর্থ কর্তনপূর্বক বাকি অর্থ ইজারাদারকে প্রদান করা যাবে।

১৮। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক কোন উন্নয়নমূলক কাজ সম্পাদনকালে বাজার অন্যত্র স্থানান্তর অথবা বন্ধ থাকাকালীন সময়ে কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৯। যদি অনিবার্য কারণবশতঃ ইজারা মেয়াদ প্রদত্ত সময়ের কমবেশী হয় তা হলে হাট-বাজার নীতিমালা এর ৩.৬ অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০। ইজারা মেয়াদ সম্পন্ন হওয়ার সাথে সাথে হাট-বাজার ইত্যাদি স্বাভাবিক অবস্থায় পুনঃ ১ম পক্ষের বরাবরে ফিরে আসবে। তার জন্য আলাদা নোটিশের প্রয়োজন হবে না।

২১। হাট-বাজার/ফেরিঘাট সংক্রান্ত কোন প্রকার অভিযোগ থাকলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ তদন্ত অনুষ্ঠানের পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২২। প্রাকৃতিক দুর্যোগ অথবা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ইজারাদার টোল আদায়ে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২৩। উল্লিখিত শর্তাবলীর যে কোন একটি শর্ত লংঘন করলে ইজারা বাতিল করা হবে।

২৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫। সিটি কর্পোরেশন কসাইখানার ক্ষেত্রে আদর্শ কর তফসিল ২০১৪ অনুযায়ী বাণিজ্যিক বা ব্যবসায়িক উদ্দেশ্যে পশু জবাইয়ের ক্ষেত্রে ছাগল ও ভেড়া প্রতিটি ৫০/- টাকা, গরু প্রতিটি ১০০/- টাকা ও মহিষ প্রতিটি ১০০/- টাকা হারে জবাই ফি আদায় করা যাবে।

২৬। ফেরিঘাট ইজারা ও ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা জারীকৃত ২০০৩ সনের নীতিমালা মেনে চলতে ইজারাদার সার্বক্ষণিকভাবে বাধ্য থাকবেন।

২৭। ফেরিঘাট/খেয়াঘাটের যাত্রী পারাপারের ক্ষেত্রে জনপ্রতি ৫.০০ (পাঁচ) টাকা হারে রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে। যাত্রী পারাপারের জন্য উপযুক্ত ২(দুই)টি ইঞ্জিনযুক্ত নৌযান সরবরাহ ও উঠানামার জন্য ইজারাদার নিজের খরচে জেটি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন। প্রতি ফেরিঘাটের উভয় পার্শ্বে মানুষসহ বিভিন্ন যানবাহন, মালামাল পারাপারের অনুমোদিত টোলের চার্ট ইজারাদারকে প্রকাশ্য স্থানে টানিয়ে রাখতে হবে।

বিঃ দ্রঃ- ১ম পর্যায়ে যদি কোন হাট-বাজার, ফেরিঘাট দাখিলকৃত দর অনুমোদন হয় তাহলে ২য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় পর্যায়ে কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হলে ৩য় পর্যায়ে উক্ত হাট-বাজারের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং ৩য় পর্যায়ে কোন হাট-বাজারের দাখিলকৃত দর অনুমোদিত হলে উক্ত হাট-বাজার ইত্যাদির নাম ৪র্থ পর্যায়ে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে।

(নাসরীন আক্তার সেতু) ২২/০১/২৫
প্রধান রাজস্ব কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।

২২/০১/২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ।
০৬। সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৭। অধিনায়ক, র‍্যাব-১৪, ময়মনসিংহ।
০৮। বিভাগীয় প্রধান (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
০৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ বিভাগ, ময়মনসিংহ।
১০। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ময়মনসিংহ।
১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর, ময়মনসিংহ।
১২। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব। ইহা বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩। জনসংযোগ কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ (১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় প্রচারের অনুরোধ সহ)।
১৪। ষ্টাফ অফিসার টু ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ (ডিআইজি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। সহকারী কমিশনার (ভূমি), সদর, ময়মনসিংহ।
১৬। সাবরেজিষ্ট্রার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
১৭। জেলা বাজার কর্মকর্তা, ময়মনসিংহ।
১৮। বিগত বৎসরের ইজারাদারগণ।

প্রচার ও সংরক্ষণার্থে ঃ

১৯। নোটিশ বোর্ড/www.mcc.gov.bd ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২০। সংশ্লিষ্ট নথি।